

# আওয়ামী লীগের নেতৃত্বে ১৪ দল রাজপথে নামছে রাজধানীর রাজপথ আবার গরম হচ্ছে

শামীম সিদ্দিকী

সরকারী দল বাংলাদেশ আওয়ামী লীগের নেতৃত্বে ১৪ দল রাজপথে নামছে। চলতি মাসের শেষ সপ্তাহে রাজধানী ঢাকার রাজপথ আবার গরম হচ্ছে। বিএনপি-জামায়াত জোটের রাজনৈতিক কর্মসূচী রাজনৈতিকভাবেই মোকাবিলা করার জন্য প্রস্তুতি নিচ্ছে ১৪ দল। তারা সারা বছরই বিভিন্ন রাজনৈতিক কর্মসূচী পালন করে রাজধানীর রাজপথ গরম রাখবে। সংগঠনকে আরো শক্তিশালী করতে নেয়া হবে নানা সাংগঠনিক কর্মসূচী। দলীয় সূত্র জানায়, ঢাকার ১৫টি নির্বাচনী এলাকায় সপ্তাহব্যাপী ১৫টি প্রতিবাদ সমাবেশ করার মধ্য দিয়ে ১৪ দলের রাজনৈতিক কর্মসূচী শুরু হচ্ছে। ঢাকা মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও নগর ১৪ দলের সমন্বয়ক মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া বলেছেন, নগর আওয়ামী লীগের সাংগঠনিক তৎপরতা জোরদার করতে এবং সংগঠনকে আরও শক্তিশালী করার জন্য কাজ করছি। এ লক্ষ্যে রাজধানীতে চলতি মাসে বিভিন্ন এলাকায় সভা-সমাবেশ করার প্রস্তুতি নিচ্ছি। দলীয় সূত্র জানায়, ১৪ দল আয়োজিত এসব জনসমাবেশে ব্যাপক জনসমাগমের প্রস্তুতি নিচ্ছে আওয়ামী লীগের শরিক ১৪ দল। আজ বুধবার বিকালে দলের ২৩ বঙ্গবন্ধু এভিনিউস্থ কেন্দ্রীয় কার্যালয়ে ঢাকা মহানগর আওয়ামী লীগের এক বর্ধিতসভা অনুষ্ঠিত হবে। সভায় রাজধানীতে ১৫টি বিক্ষোভ সভার কর্মসূচী সফল করা নিয়ে বিস্তারিত আলোচনা হবে এবং শরিক ১৪ দলের সাথেও আগামী ১৮ ফেব্রুয়ারী সকালে বৈঠক করবে মহানগর আওয়ামী লীগ। জানা গেছে, আওয়ামী লীগ নেতৃত্বাধীন মহাজোট সরকার গঠনের পর গত এক বছরে সরকারী নানা কর্মসূচী পালন করলেও রাজনৈতিক কোন কর্মসূচী পালিত হয়নি। আর রাজনৈতিক কর্মসূচী না থাকায় দলের সাংগঠনিক তৎপরতাও পড়েছিল অনেকটা ঝিমিয়ে। ফলে দল সরকারে বিলীন হয়ে পরে। নেতাকর্মীরাও জড়িয়ে পড়ে টেন্ডারবাজিতে। দলীয় সূত্র জানায়, রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের উপর জামায়াত-শিবিরের নারকীয় হামলা আর হত্যাকাণ্ডকে ঘিরে দেশব্যাপী সরকারী দল আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনগুলোর নেতাকর্মীদের মধ্যে ব্যাপক প্রতিক্রিয়া শুরু হয়। একই সাথে সরকারের জোটভুক্ত অন্যান্য শরিক দলগুলোও এর প্রতিবাদে হয় সোচ্চার। জামায়াত-শিবিরের এসব হিংসাত্মক কর্মকাণ্ডের প্রতিবাদে রাজধানীতে আওয়ামী লীগের নেতৃত্বে ১৪ দল ঢাকার ১৫টি নির্বাচনী এলাকায় ১৫টি প্রতিবাদ বিক্ষোভ সমাবেশ করার সিদ্ধান্ত নেয়। দলীয় সূত্র জানায়, এসব বিক্ষোভ সমাবেশে আওয়ামী লীগসহ ১৪ দলের শীর্ষস্থানীয় নেতৃবৃন্দরা বক্তৃতা করবেন। সূত্র জানায়, রাজধানী ঢাকা মহানগর থেকে নির্বাচিত আওয়ামী লীগ দলীয় এমপিরাও নিজ নিজ নির্বাচনী এলাকায় শান্তি-শৃংখলা বজায় রাখতে সতর্ক দৃষ্টি রাখছেন। যাতে কোন অবস্থাতেই বিএনপি-জামায়াত জোট আন্দোলন-সংগ্রামের নামে এলাকায় আইনশৃংখলা পরিবেশের অবনতি না ঘটাতে পারে। আওয়ামী লীগের নগর শাখার প্রতিটি থানা ও ওয়ার্ড কমিটির নেতাকর্মীদের সতর্ক থাকারও নির্দেশ দিয়েছেন এমপিরা।